

**১৫.০৭.১৯৯২**
বিদ্যাসাগর সেতু নির্মাণের চূড়ান্ত পর্ব পরিদর্শনে জ্যোতি বসু ও বুদ্ধদেব ভট্টাচার্য।

আনন্দবাজার পত্রিকা
# কলকাতা
কলকাতা বুধবার ১৫ জুলাই ২০২৬
XXCE


# গভীর রাতে ফের এল বুলডোজ়ার, ধূলিসাৎ প্রায় ২০০টি দোকান

**নিজস্ব সংবাদদাতা**

বুলডোজ়ার গুঁড়িয়ে দিয়েছে দোকান। সেই ধ্বংসস্তূপ থেকে দোকানের ছাউনির দুমড়ে যাওয়া টিন বার করে সোজা করছিলেন বছর চল্লিশের যুবক। জন্মগত ভাবে এক চোখে দেখতে পান না। বললেন, “ছেলে অষ্টম শ্রেণিতে পড়ে। এক বছরের মেয়েও রয়েছে। কী ভাবে সংসার চলবে, জানি না।”

দক্ষিণেশ্বর মোড়ের কাছে নিবেদিতা সেতুর নীচে ছিল ওই যুবক সন্দীপ দাসের চায়ের দোকান। সোমবার রাতে তাঁর দোকানের মতো আরও প্রায় ১৯৫টি দোকান বুলডোজ়ার দিয়ে ভেঙে গুঁড়িয়ে দিয়েছেন জাতীয় সড়ক কর্তৃপক্ষ। অস্থায়ী দোকান-মালিকদের দাবি, উচ্ছেদের আগে লিখিত কোনও নোটিস দেওয়া হয়নি। শুধু মাইকে কয়েক বার প্রচার করা হয়েছিল। পিডব্লিউডি রোডে আলমবাজার মোড় থেকে দক্ষিণেশ্বর মোড়ে বালি সেতুতে ওঠার রাস্তার আগে পর্যন্ত রেলিং ঘেরা ফুটপাতের পাশে পর পর ছিল দোকানগুলি। পিছনে বিস্তীর্ণ জায়গায় ১৩টি রুটের বাসের স্ট্যান্ড।

সোমবার রাত থেকেই বিশাল পুলিশ বাহিনী এলাকায় মোতায়েন করা হয়। রাত বাড়তেই শুরু হয় উচ্ছেদ অভিযান। প্রায় রাত ৩টে পর্যন্ত চলে সেই অভিযান। দীর্ঘ দিন ধরে ভাতের হোটেল চালাচ্ছেন ছবি দাস। তাঁর কথায়, “বার বার করে আমরা বলেছিলাম, তিন মাস সময় দেওয়া হোক। কালও অনেক হাতে-পায়ে ধরেছি। কিন্তু কেউ কোনও কথাই শুনল না। সব ভেঙে দিল।” মৌখিক বার্তা শোনার পরে তাঁরা জাতীয় সড়ক কর্তৃপক্ষের অফিসেও গিয়েছিলেন বলে জানান চায়ের দোকানি সমীর চক্রবর্তী। তাঁর দাবি, “সময় দেওয়ার জন্য আবেদনপত্র জমাও দিয়ে এসেছিলাম। আশ্বাসও মিলেছিল। কিন্তু কিছুই করেনি।” তিনি আরও বলেন, “পুনর্বাসন না দিয়ে এ ভাবে তুলে দিল! আমাদের চলবে কী ভাবে, সরকার এক বারও ভাবল না?”

প্রশাসন সূত্রের দাবি, যে জায়গায় ওই সমস্ত দোকান এবং বাস, অটো, ট্যাক্সি স্ট্যান্ড রয়েছে, সেই পুরো জমির মালিকানা জাতীয় সড়ক কর্তৃপক্ষের। তাই প্রতিটি দোকানই অবৈধ। যদিও এর আগে কখনও ওই সমস্ত দোকান তুলে দেওয়ার কথা বলা হয়নি বলেই দাবি দোকানি থেকে স্থানীয়দের। দোকান এবং বাস স্ট্যান্ডের মধ্যে থাকা মেরামতির গ্যারাজ, বাসের স্টার্টারের গুমটি, রাজনৈতিক দলের কার্যালয়— সবই ভেঙে দেওয়া হয়েছে। উচ্ছেদের সময়ে প্রতিবাদ করার অভিযোগে দুই দোকানিকে ধরে নিয়ে যায় পুলিশ। মঙ্গলবার দুপুরে অবশ্য তাঁদের ছেড়ে দেওয়া হয়। সূত্রের খবর, বাস বা অটো আপাতত ওই জায়গায় দাঁড়াতে পারবে। আর, দোকানের জায়গায় ফুটপাত চওড়া করে গাছ লাগিয়ে সৌন্দর্যায়ন করা হবে।



■ নিবেদিতা সেতুর নীচে থাকা অস্থায়ী দোকান ভাঙছে বুলডোজ়ার। সোমবার রাতে, দক্ষিণেশ্বর মোড়ে। *নিজস্ব চিত্র*





■ **ভগ্নাংশ:** দক্ষিণেশ্বরের মোড়ে ভাঙা হয়েছে অস্থায়ী দোকান। পড়ে রয়েছে ধ্বংসাবশেষ। মঙ্গলবার। *নিজস্ব চিত্র*

# ফ্ল্যাটে ঢুকে বালিকার মাথায় রিভলভার ঠেকিয়ে লুট হাওড়ায়

**নিজস্ব সংবাদদাতা**

পাড়ার একটি মন্দিরে তখন ধুমধাম করে কাঁসর-ঘণ্টা বাজিয়ে চলছিল অমাবস্যার পুজো। এলাকার অনেক বাসিন্দাই উপস্থিত ছিলেন সেখানে। অভিযোগ, ঠিক সেই সময়েই মন্দিরের পিছনে একটি চারতলা বহুতলের তেতলার ফ্ল্যাটে সটান পৌঁছে যায় মুখে মাস্ক ও হাতে গ্লাভস পরা তিন দুষ্কৃতী। সকলেরই হাতে ছিল রিভলভার। নীচে যাওয়ার জন্য তেতলার ফ্ল্যাটের দরজা খুলতেই গৃহকর্তার ১৭ বছরের ছেলের উপরে ঝাঁপিয়ে পড়েছিল এক দুষ্কৃতী। বাকি দু'জন বাড়ির ১২ বছরের মেয়ের মাথায় রিভলভার ধরে ঘরের আলমারি খুলিয়ে নগদ টাকা-সহ লক্ষাধিক টাকার সোনার গয়না লুটপাট করে নিঃশব্দে বেরিয়ে গিয়েছিল মাত্র ১০ মিনিটের মধ্যে।

স্থানীয় বাসিন্দাদের দাবি, এই ঘটনা এতটাই নিঃশব্দে ঘটেছিল যে, ওই চারতলা বাড়ির দোতলার লোকজন-সহ পাশের মন্দিরে থাকা কেউই ঘুণাক্ষরেও টের পাননি। জানতে পারেননি, ওই বাড়িতে ঘটে গিয়েছে এমন দুঃসাহসিক লুটের ঘটনা। এমনকি, ওই ফ্ল্যাটের পোষ্য একটি বক্সার কুকুরও সে ভাবে ডাকাডাকি করেনি। ওই পরিবারের লোকজনের দাবি, দুষ্কৃতীদের হাতে মার খেয়ে কুকুরটি ভয় পেয়ে যাওয়ায় বাধা দিতে পারেনি।

হাওড়ার ঘন বসতিপূর্ণ এলাকা বলে পরিচিত চ্যাটার্জিহাট বাজারের পাশে, থানা থেকে মাত্র ১৫০ মিটার দূরে শরৎ চ্যাটার্জি রোডে এই ঘটনা ঘটেছে সোমবার রাত সাড়ে ১০টা নাগাদ। ঘটনাটি ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পদস্থ পুলিশকর্তাদের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী রাতেই ঘটনাস্থলে যায়। এলাকার সমস্ত সিসি ক্যামেরার ফুটেজ পরীক্ষার কাজ শুরু করে পুলিশ।

মঙ্গলবার গৃহকর্তা সুমন বসু বলেন, “ঘটনার সময়ে আমি ও আমার স্ত্রী বাইরে ছিলাম। আমার ছেলে ও মেয়ে বাড়িতে ছিল। এটা পূর্ব পরিকল্পিত লুটের ঘটনা। পুলিশ তদন্ত শুরু করেছে। আশা করছি, দুষ্কৃতীরা ধরা পড়বে।” তাঁর ছেলে, একাদশ শ্রেণির ছাত্র সম্রাট বলে, “ওরা ঘরে ঢুকেই আমার গলা চেপে ধরে হাই পাওয়ারের চশমা খুলে ফেলে দেয়। বোনের মাথায় রিভলভার ধরে আলমারির চাবি নিয়ে নেয়। মোবাইল দিতে না চাওয়ায় আমার হাতে ধারালো অস্ত্র দিয়ে কোপ মারে। কুকুরটাকেও মারধর করে।” সম্রাট ও তার বোন শ্রীদাত্রী জানিয়েছে, ওই দুষ্কৃতীরা ইশারায় কথা বলছিল।

ঘটনার প্রাথমিক তদন্তের পরে পুলিশ জানায়, রবিবার রাত থেকে এলাকার সমস্ত সিসি ক্যামেরার ফুটেজ দেখেও দুষ্কৃতীদের সন্ধান মেলেনি। প্রশ্ন উঠেছে, ঘন বসতিপূর্ণ এলাকায়, থানার কাছেই এমন লুটের ঘটনা কেউ টের পেলেন না কেন? পাড়ার সিসি ক্যামেরার ফুটেজ থেকেই বা কোনও সূত্র মিলল না কেন? বাড়ির কুকুর দুষ্কৃতীদের আক্রমণ করল না কেন? হাওড়া সিটি পুলিশের এক পদস্থ কর্তা বলেন, “সমস্ত প্রশ্নের উত্তর খোঁজা হচ্ছে। দ্রুত কিনারা হয়ে যাবে বলে মনে হচ্ছে।”

# দমদমে খুনে ধৃত তিন, নেপথ্যে কি দখলদারি সংক্রান্ত বিবাদ

**নিজস্ব সংবাদদাতা**

বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের ধারে সার্ভিস রোডে রবিবার গভীর রাতে খুনের ঘটনার ২৪ ঘণ্টার মধ্যেই কিনারা করল দমদম থানার পুলিশ। গ্রেফতার করা হয়েছে মূল চক্রী-সহ তিন জনকে। ধৃতদের নাম সুমন রায়, সৌমিক দাস ওরফে পিন্টু এবং কুন্তল চৌধুরী ওরফে কুণাল ওরফে বাবুন। তারা বিরাটি, ইটলগাছা এবং বাদরা এলাকার বাসিন্দা। ধৃতদের মঙ্গলবার ব্যারাকপুর আদালত ১৪ দিনের পুলিশি হেফাজতে পাঠিয়েছে।

রবিবার বেশি রাতে উত্তর দমদমের খলিসাকোটায় বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের ধারে সার্ভিস রোডে রাজা দত্ত নামে এক ব্যক্তিকে গুলি করে খুনের অভিযোগ ওঠে। ঘটনায় মারধরে আহত হন আরও দুই ব্যক্তি। পুলিশ সূত্রের খবর, রাজাকে সাময়িক উত্তেজনার বশে খুন করা হয়েছে, না কি ঘটনাটি পূর্ব-পরিকল্পিত, তা জানতে ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই ঘটনায় রাজার পরিবার থানায় খুনের অভিযোগ দায়ের করেছে।

প্রাথমিক ভাবে পুলিশ জেনেছে, দুই সঙ্গীর সঙ্গে রাজা বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের ধারে সার্ভিস রোড ধরে যাচ্ছিলেন। ঘটনাস্থলের কাছে সুমনের দলের সঙ্গে তাঁদের দেখা হয়। সেখানে উভয় পক্ষে বচসা বাধে, যা অচিরেই হাতাহাতিতে গড়ায়। অভিযোগ, সেই সময়ে রাজার কাছে থাকা আগ্নেয়াস্ত্র কেড়ে নিয়ে গুলি চালানো হয় এবং তাঁর দুই সঙ্গীকে মারধর করা হয়। পুলিশের অনুমান, দু'পক্ষের মধ্যে পুরনো শত্রুতা ছিল। তবে সেটিই একমাত্র কারণ, না কি অন্য রহস্য রয়েছে, সে সবও দেখছেন তদন্তকারীরা।

স্থানীয় সূত্রের খবর, নিমতা, খলিসাকোটা-সহ দমদমের একাধিক জায়গায় এক সময়ে দাপট ছিল রাজার। তাঁর বিরুদ্ধে খুন-সহ নানাবিধ অপরাধমূলক কাজে জড়িত থাকার অভিযোগ আছে। এক সময়ে হাজতেও ছিলেন রাজা। তাঁর গ্রেফতারির পরে এলাকায় উত্থান সুমনের। এলাকার খবর, জেল থেকে ছাড়া পাওয়ার পরে নিজের দাপট ফিরে পাওয়ার চেষ্টা চালাচ্ছিলেন রাজা। যদিও এলাকার দখলদারি নিয়ে শত্রুতা এই ঘটনায় কতটা কাজ করেছে, তা দেখছে পুলিশ।

# সুভাষ সরোবরের হাল দেখে ক্ষুব্ধ মন্ত্রী

**নিজস্ব সংবাদদাতা**

বেলেঘাটার সুভাষ সরোবর পরিদর্শনে গিয়ে ক্ষোভ প্রকাশ করলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। মঙ্গলবার সকালে আচমকাই সেখানে যান অগ্নিমিত্রা। সরোবর চত্বরে আবর্জনা দেখে ক্ষুব্ধ হন। কথা বলেন প্রাতর্ভ্রমণকারীদের সঙ্গে। তাঁরা মন্ত্রীর কাছে সরোবর নিয়ে অভিযোগ জানান। ওই সরোবরের রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত সংস্থার প্রতিনিধিদের মন্ত্রী জানান, সরোবর সব সময়ে পরিচ্ছন্ন রাখতে হবে।

মন্ত্রী সাংবাদিকদের বলেন, “যে সংস্থা সরোবর দেখাশোনার দায়িত্বে রয়েছে, তারা শুধু মাসে মাসে লক্ষাধিক টাকা নিয়ে চলে যাচ্ছে। কিন্তু কাজ কিছু হচ্ছে না। শৌচাগারে জল নেই, বিদ্যুৎ নেই। এই অব্যবস্থা চলতে পারে না।” প্রসঙ্গত, সুভাষ সরোবরে হামেশাই পাঁচিল টপকে লোকজন ঢুকে পড়েন। সেখানে মদ, সাট্টার আসর বসে বলেও অভিযোগ। প্রাতর্ভ্রমণকারীরা মন্ত্রীকে জানান, তাঁরা হাঁটার সময়ে নিরাপত্তার অভাব বোধ করেন। কারণ, সেখানে অতীতে দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছে।

অগ্নিমিত্রা জানান, রবীন্দ্র সরোবর নিয়েও নানা অভিযোগ রয়েছে। দু'টি সরোবরেরই দায়িত্বে রয়েছে কেএমডিএ।

## এক নজরে

### খুনের ঘটনায় ১৯ বছর পরে গ্রেফতার

▸▸ ব্যারাকপুরের স্বর্ণ ব্যবসায়ী সুকান্ত ঘোষকে খুনের ঘটনার প্রায় ১৯ বছর পরে অন্যতম মূল অভিযুক্তকে ধরল সিবিআই। ধৃতের নাম শিবকুমার সিংহ। মঙ্গলবার উত্তরপ্রদেশের গোরক্ষপুর থেকে তাকে ধরা হয়। খুনের ঘটনাটি ঘটেছিল ২০০৭ সালে। কলকাতা হাই কোর্টের নির্দেশে ঘটনার তদন্তভার নেয় সিবিআই। সিবিআই সূত্রের দাবি, অভিযুক্ত গোরক্ষপুরের গোপন আস্তানায় অখিলেশকুমার শাহি নামে থাকছিল।

### নির্যাতনের চেষ্টা

▸▸ দক্ষিণ ২৪ পরগনায় বালিকার ধর্ষণ-খুন নিয়ে হইচইয়ের মধ্যে জেলার ওই থানা এলাকাতেই এক নাবালিকাকে যৌন নির্যাতনের চেষ্টার অভিযোগ উঠেছে। এই ঘটনায় সামাদ আলি নামে এক ব্যক্তিকে ধরেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, নাবালিকার বাড়ি উত্তর ২৪ পরগনায়। সামাদ দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা। সোমবার মেয়েটি বাড়ি থেকে শিয়ালদহে এলে সামাদ তাকে নিয়ে আসে শিয়ালদহ দক্ষিণ শাখার একটি স্টেশন সংলগ্ন ভাড়া বাড়িতে। দু'জনকে দেখে সন্দেহ হয় স্থানীয়দের। তারা পুলিশে জানালে পুলিশ নাবালিকাকে উদ্ধার করে।

## আজ

### বিবিধ

**সিমা গ্যালারি:** ১১-৭টা। ‘সামার শো ২০২৬’। **অ্যাকাডেমি: সেন্ট্রাল, সাউথ ও নিউ সাউথ গ্যালারি।** ১২-৮টা। বিভিন্ন শিল্পীর কাজ। **ওয়েস্ট গ্যালারি।** ১২-৮টা। সুদীপ্ত অধিকারীর আঁকা ছবি। **রামকৃষ্ণ সারদা মিশন আশ্রম:** ৬টা। ‘স্বামী বিশুদ্ধানন্দের জীবন ও বাণী’ প্রসঙ্গে মঞ্জুরা চক্রবর্তী।

অনুষ্ঠানের খবর জানান
*aaj@abp.in*

**এ বার আনন্দবাজার পত্রিকার সঙ্গে যোগাযোগ আপনার হাতের মুঠোয়। ওয়টস্যাপেই সরাসরি জানাতে পারবেন কোনও খবর, বা এলাকার সমস্যা। পাঠাতে পারবেন ছবিও।**
**যোগাযোগের নম্বর: 80177 61234**
**এই নম্বরে কোনও ফোন করা যাবে না।**

# ‘অগ্রাধিকার’ ভিত্তিতে রথযাত্রার আয়োজনে পুরসভা

**নিজস্ব সংবাদদাতা**

রথযাত্রার সুষ্ঠু আয়োজন করতে হবে। তা-ও ‘অগ্রাধিকার’ ভিত্তিতে। আর সেই আয়োজন করার জন্যই রাজ্য সরকারের প্রয়োজনীয় নির্দেশ এসে পৌঁছেছে কলকাতা পুরসভায়। সেই মতো পুরসভার অন্দরে শোরগোল পড়ে গিয়েছে। উক্ত আয়োজন করার জন্য পুরসভার সিভিল, স্বাস্থ্য, জঞ্জাল সাফাই, উদ্যান, পানীয় জল সরবরাহ-সহ একাধিক দফতরের মধ্যে দায়িত্ব বণ্টনের কাজও হয়ে গিয়েছে।

রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দফতরের সংশ্লিষ্ট নির্দেশ কিছু দিন আগেই পুরসভায় এসে পৌঁছেছে বলে প্রশাসন সূত্রের খবর। ওই নির্দেশে সব দফতরকে অগ্রাধিকার ভিত্তিতে সমস্ত আয়োজন করতে বলা হয়েছে। প্রসঙ্গত, কাল, বৃহস্পতিবার শহরের চারটি জায়গা থেকে— ইসকন, বাগবাজার জগন্নাথ মহাপ্রভু মন্দির পরিচালন সমিতি, ভারত সেবাশ্রম সঙ্ঘ এবং শ্রীজগন্নাথ সেবা সমিতির তত্ত্বাবধানে পৃথক ভাবে চারটি রথযাত্রার আয়োজন করা হয়েছে। তাদের যাত্রাপথও আলাদা। সেই অনুযায়ী সংশ্লিষ্ট এলাকায় পুরসভার দফতরগুলির মধ্যে কাজের দায়িত্ব দেওয়া হয়েছে।


পুর প্রশাসন সূত্রের খবর, পুরসভার সিভিল দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে, রথযাত্রা পিছু একটি করে অস্থায়ী সেবা শিবিরের বন্দোবস্ত করতে হবে। স্বাস্থ্য দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী-সহ সবাইকে প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম, ওআরএসের প্যাকেট-সহ প্রস্তুত থাকতে। সেই সঙ্গে রথযাত্রার সময়ে বাচ্চা, বয়স্ক, বিশেষ ভাবে সক্ষম পুণ্যার্থীদের প্রয়োজনীয় সাহায্য করতে। আবার, কোনও ভাবে গাছের ডালপালায় রথের চূড়া আটকে যাওয়া ঠেকাতে যাত্রাপথে থাকা গাছের ডালপালা ছাঁটার কাজ করেছে পুর উদ্যান (পার্কস অ্যান্ড স্কোয়ার্স) দফতর। একই ভাবে, যাত্রাপথ পরিষ্কারের দায়িত্ব বর্তেছে জঞ্জাল সাফাই দফতরের উপরে। অবশ্য শুধু যাত্রাপথেই নয়, যেখানে গিয়ে ভক্তেরা জমায়েত করবেন, সেই জায়গাটিও পরিচ্ছন্ন রাখার নির্দেশ দিয়েছেন পুর কর্তৃপক্ষ। শিবিরে, যাত্রাপথে পানীয় জলের নিরবচ্ছিন্ন সরবরাহ রাখার জন্য পুরসভার জল সরবরাহ দফতরের আধিকারিকেরা ইতিমধ্যেই প্রস্তুতি নিয়ে ফেলেছেন।

পুর প্রশাসনের অন্দরমহলের খবর, এমনিতে রথযাত্রার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো, পরিষেবা দেওয়ার কাজ করেই থাকে কলকাতা পুরসভা। কিন্তু নতুন সরকার ক্ষমতায় আসার পরে এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রথযাত্রা কমিটিগুলিকে পাঁচ লক্ষ টাকা করে দেওয়ার ঘোষণার পরে স্বাভাবিক ভাবেই রথযাত্রার গুরুত্ব ও তাৎপর্য আগের তুলনায় বেড়েছে। সেই অনুযায়ী প্রস্তুতিতে যাতে কোনও ফাঁক না থাকে, সে কারণে পুরসভার পদস্থ কর্তাদের নজরদারিতে যাবতীয় আয়োজন সম্পন্ন হচ্ছে।

**GOVERNMENT OF WEST BENGAL**
**CORRIGENDUM FOR e-TENDER**
Due to no bidder, the last date of Submission of Bids of this office e-Tender against Ref. no- WBPWD/EE-WKED/NIT-19/2026-27 (2nd Call); Tender ID- 2026_WBPWD_5016143_1 is hereby extended up to 25/07/2026 upto 1:00 PM .; Website: - tenders.wb.gov.in
Sd/- Executive Engineer-I, PWD, West Kolkata Electrical Division, 4th floor, C-Block, New Sectt. Bldg, 1, K.S. Roy Road, Kol-01. ICA-T12454(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**E-Tender Notice**
e-Tender is invited by the Commissioner of Police, Kolkata for '03 years onsite Comprehensive AMC of 1no. 320 KVA DG Set installed at Lalbazar for use of Kolkata Police. Last date of submission of the e-tender is on 28.07.2026 upto 15.00 hours. Details will be available in the website: www.wbtenders.gov.in
**Sd/- for Commissioner of Police, Kolkata** ICA-T12426(1)/2026

**GOVERNMENT OF WEST BENGAL**
**INFORMATION WANTED**



This is the Photograph of **Rudra Saha,** Father's Name - **Dhruba Saha,** of Vill - Guma Kalinagar, PO - Guma, PS - Ashoknagar, Dist - North 24 Parganas, WB, who has been missing since 01.06.2026, at about 06.00 hrs, from Residential area under PS - Ashoknagar, Description of this missing person is: **Age** -15 Years, **Complexion** - Sallow, **Height** - 5 Feet, **Wearing** - Black T-Shirt & Black pant, **Language** - Bengali. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata - 700027, Phone No: 033-24506120
**ICA- D1041(3)/2026**

**এনটিপিসি-সেল পাওয়ার কোম্পানি লিমিটেড**
(এনটিপিসি ও এসএআইএল-এর যৌথ উদ্যোগ)
**আগ্রহ প্রকাশ (ইওআই)**
এনএসপিসিএল, দুর্গাপুর ছাই ভিত্তিক পণ্য উৎপাদনকারী ক্ষুদ্র ও ছোট শিল্প (এমএসইসমূহ) এবং স্থানীয় ব্যবহারকারীদের কাছ থেকে 'আগ্রহের প্রকাশ' (ইওআই) আহ্বান করছে। এর আওতায় সিপিপি-২ থেকে ১৫ টাকা/মেট্রিক টন দরে (প্রস্তাবিত পরিমাণ: ৫০,০০০ মেট্রিক টন) এবং সিপিপি-৩ থেকে ১ টাকা/মেট্রিক টন দরে (প্রস্তাবিত পরিমাণ: ৮,০০০ মেট্রিক টন) এক বছরের জন্য ফ্লাই অ্যাশ সংগ্রহ করা যাবে (সংগ্রহ ও পরিবহনের দায়িত্ব দরদাতার ওপর ন্যস্ত থাকবে)। এই (ইওআই) - সংক্রান্ত সাধারণ তথ্যাবলি, ই-মেইল ঠিকানা এবং যোগাযোগের বিস্তারিত বিবরণ www.nspcl.co.in ওয়েবসাইটে পাওয়া যাবে। আগ্রহী ক্ষুদ্র ও ছোট শিল্প (এমএসইসমূহ) এবং স্থানীয় ব্যবহারকারীদের অনুরোধ করা হচ্ছে যেন তারা **১৫.০৮.২০২৬ তারিখের বিকেল ৫:০০টার** মধ্যে নির্দিষ্ট ই-মেইল ঠিকানায় তাদের চাহিদার বিষয়টি জমা দেন।
বিদ্যুৎ খাতে নেতৃত্ব প্রদান

**PM SHRI KENDRIYA VIDYALAYA COSSIPORE, KOLKATA (ESTD: 1983)**
**(An Autonomous Body Under Ministry of Education, Govt. Of India)**
A Walk-In-Interview for 2026-27 for TGT (Bengali) - 50% marks in graduation with B.Ed & CTET (preferably) / TET, PGT (Chemistry, Economics, Hindi and Physics), Vocational Instructor and Special Educator as part time contractual teacher are scheduled at PM SHRI Kendriya Vidyalaya Cossipore at **10:00 am on 28.07.2026**. Candidate will bring all original and xerox copies of all documents. Candidates may download the application form at **https://cossipore.kvs.ac.in**

**वरीय पुलिस अधीक्षक का कार्यालय**
**पूर्वी सिंहभूम, जमशेदपुर**



अज्ञात मृतक पुरूष उम्र–करीब 41–46 वर्ष।

**आवश्यक सूचना**
सर्व साधारण को सूचित किया जाता है कि दिनांक–08.07.2026 को जादुगोड़ा थानान्तर्गत राखा रेलवे स्टेशन Km 227/23-25 के पास एक अज्ञात पुरूष उम्र –करीब 41–46 वर्ष का शव पाया गया है। मृतक के शिनाख्त/ पहचान हेतु आसपास के स्थानीय लोगों से पुछताछ किया गया लेकिन शव का पहचान/ शिनाख्त नहीं हो सका है।
**अज्ञात मृतक पुरूष का हुलिया निम्न प्रकार है:–**
उम्र –करीब 41–46 वर्ष, कद–05 फीट 05 ईंच, रंग–साँवला, बाल –काला, दाढ़ी मूँछ– काला, पहनावा– ब्लू रंग का लोअर।
अतः आप सभी जन साधारण से अनुरोध है कि यदि उपरोक्त हुलिये के संबंध में किसी प्रकार की जानकारी प्राप्त होती है तो इसकी सूचना वरीय पुलिस अधीक्षक के कार्यालय में निम्नांकित फोन नम्बर पर सूचित करें।
वरीय पुलिस अधीक्षक, पूर्वी सिंहभूम, जमशेदपुर : 0657–2431006
पुलिस अधीक्षक (ग्रामीण), पूर्वी सिंहभूम, जमशेदपुर : 9471190203
पुलिस उपाधीक्षक, मुसाबनी : 9431706492
थाना प्रभारी, जादुगोड़ा : 9431706523
**वरीय पुलिस अधीक्षक, पूर्वी सिंहभूम, जमशेदपुर।**
POLICE HELPLINE (EMERGENCY DIAL)-112 CHILD HELPLINE-1098
WOMEN HELPLINE-1091 DOMESTIC ABUSE HELPLINE-181
CYBER CRIME HELPLINE-1930 AMBULANCE SERVICE-108
PR.NO.384794 Police(26-27):D

